আল্লাহ চাইলে রেকর্ডের পর রেকর্ড হতেই থাকে: বললেন অধিনায়ক রিজওয়ান

ত্রিদেশীয় সিরিজের ফাইনালের টিকিট পেতে জয়ের বিকল্প ছিল না পাকিস্তানের। করাচির ন্যাশনাল স্টেডিয়ামে দক্ষিণ আফ্রিকার বিপক্ষে সেই সমীকরণ সামনে রেখে মাঠে নেমে ইতিহাসই গড়ল বাবর আজমের দল।

৩৫৩ রানের লক্ষ্য তাড়া করে ৬ বল হাতে রেখেই ৬ উইকেটে জয় পেয়েছে পাকিস্তান, যা তাদের ওয়ানডে ইতিহাসের সর্বোচ্চ রান তাড়া করে জয়ের রেকর্ড। একই সঙ্গে এটি বিশ্ব ক্রিকেটে যৌথভাবে দ্বিতীয় সর্বোচ্চ সফল রান তাড়ার নজির।

পাকিস্তানের জয়ের নায়ক অধিনায়ক মোহাম্মদ রিজওয়ান ও সহ-অধিনায়ক সালমান আলী। চতুর্থ উইকেটে দুজন গড়েছেন ২৬০ রানের জুটি, যা ওয়ানডেতে পাকিস্তানের হয়ে চতুর্থ উইকেটে সর্বোচ্চ। এই রেকর্ড গড়ার পথে সেঞ্চুরি পেয়েছেন দুজনই।

রিজওয়ান অপরাজিত ছিলেন ১২২ রানে, যা ২০২৩ বিশ্বকাপের পর ওয়ানডেতে তার প্রথম সেঞ্চুরি। অন্যদিকে, ৩১তম ওয়ানডে খেলতে নেমে সালমান ক্যারিয়ারের প্রথম সেঞ্চুরি করেছেন ১৩৪ রানে। এর আগে প্রথমে ব্যাট করে দক্ষিণ আফ্রিকা ৫ উইকেটে ৩৫২ রান তুলেছিল। ক্লাসেন ৮৭ ও ফন ডার ডাসেন ৭৬ রান করেন। পাকিস্তানের পক্ষে হারিস রউফ ও শাহিন শাহ আফ্রিদি দুটি করে উইকেট নেন।

ম্যাচ শেষে পুরস্কার বিতরণীতে রিজওয়ানকে সাড়ে তিন শ রান তাড়া করে ম্যাচ জয়ের বিষয়ে জিজ্ঞেস করা হলে পাকিস্তান অধিনায়ক বলেন, ‘আমরা তাদের ৩২০ রানের মধ্যে আটকে রাখতে চেয়েছিলাম। তবে ক্লাসেন (৮৭ রান) সেটা সাড়ে তিন শতে নিয়ে গেল। ম্যাচের বিরতিতে খুশদিল শাহ বলছিল, এ রকম রান আমরা আগেও তাড়া করেছি। কেউ কেউ বলল ৩৪০ রানও তাড়া করেছি আমরা।’

সালমানের সঙ্গে বড় জুটি গড়ে সাড়ে তিন শ রান তাড়া করতে পেরে রিজওয়ান খুশি। তবে কিছু অস্বস্তি তার রয়েই গেছে, ‘আমাদের ফিল্ডিংয়ে উন্নতি করা দরকার। আশা করি সেটা আমরা পারব। কারণ

চ্যাম্পিয়নস দলগুলো এভাবেই খেলে।’

ডিপিএলে এবারও থাকছেন না কোনো বিদেশী ক্রিকেটারডিপিএলে এবারও থাকছেন না কোনো বিদেশী ক্রিকেটার
আগামী ১৯ ফেব্রুয়ারি করাচিতে নিউজিল্যান্ডের বিপক্ষে পাকিস্তানের ম্যাচ দিয়ে শুরু হবে চ্যাম্পিয়নস ট্রফি।

সূত্র: ইত্তেফাক

দেশি খেলোয়াড়রা বিদেশিদের চেয়ে খুব বেশি পিছিয়ে নেই

আসছে মাসে শুরু হচ্ছে ঢাকা প্রিমিয়ার লিগ– ডিপিএল। তবে এবারের আসরে কোনো বিদেশি খেলোয়াড়কে আনা যাবে না। এমনই সিদ্ধান্ত নিতে চলেছে ক্রিকেট কমিটি অফ ঢাকা মেট্রোপলিস (সিসিডিএম)।

ঢাকা প্রিমিয়ার লিগে ঐতিহ্যগতভাবেই বিদেশি ক্রিকেটারদের মেলা বসে। গেল শতকের শেষ দিকে এই টুর্নামেন্টে এসে খেলে গেছেন খ্যাতনামা সব ক্রিকেটার, বিশ্বকাপজয়ী খেলোয়াড়দেরও দেখা গেছে ঢাকার মাঠে। শেষ অনেক দিন ধরে বড় কোনো নামের দেখা মেলে না এখানে। এবার সে পথও বন্ধ হয়ে যাচ্ছে।

মূলত এবারের এই আসরে স্থানীয় ক্রিকেটারদের সুযোগ করে দেওয়ার লক্ষ্য নিয়েই এই সিদ্ধান্ত নেওয়া হচ্ছে। যদিও আগের নিয়মই বহাল রাখার পক্ষে চেষ্টা চালাচ্ছে বেশ কিছু ক্লাব। তবে সে চেষ্টা অন্তত এবারের আসরে ধোপে টিকবে না।

সিসিডিএম সূত্রে জানা গেছে এবারের আসর নিয়ে সিদ্ধান্ত হয়ে গেছে, যা আগামী তিন সপ্তাহে বদলে যাবে না। বেশ কিছু ক্লাব বিদেশি খেলোয়াড়ের নিয়ম ফেরানোর পক্ষে ছিল, তবে আলোচনার পর লিগটাকে বিদেশিমুক্ত রাখার সিদ্ধান্তই নেওয়া হয়েছে। সেটাকেই লিগের জন্য বেশি উপকারী মনে করা হচ্ছে।

সম্প্রতি নির্বাচকের পদ ছেড়ে আবাহনীর প্রধান কোচ হওয়া হান্নান

সরকার এই সিদ্ধান্তকে স্বাগত জানিয়েছেন। তিনি সম্প্রতি সংবাদ মাধ্যমকে জানিয়েছেন, ‘শেষ দুই তিন বছরে বিদেশি খেলোয়াড়ের মান পড়ে গেছে অনেকটাই। আমাদের দেশি খেলোয়াড়রা বিদেশিদের চেয়ে খুব বেশি পিছিয়ে নেই। তো আমাদের ক্রিকেটারদেরকে সুযোগ দেওয়াটাই ভালো মনে হচ্ছে।’

সূত্র: যুগান্তর

সেরা প্রস্তুতি না হলেও সেরা স্বপ্নই দেখছেন ফিল সিমন্স

বিপিএলের পর কালক্ষেপণ না করে অনুশীলনে নেমে পড়েছে টাইগার বাহিনী। দিন-রাত মিলিয়ে চলছে সেই অনুশীলন। তবু প্রধান কোচ ফিল সিমন্স এমন প্রস্তুতিকে সেরা প্রস্তুতি বলতে রাজি নন।

ভারত, ইংল্যান্ড, পাকিস্তান, নিউজিল্যান্ডসহ বিভিন্ন দল ওয়ানডে সিরিজ খেলে নিজেদের প্রস্তুতি নিচ্ছে। সেখানে বাংলাদেশ নিজেদের মতো করে প্রস্তুতি নিচ্ছে। তাতে তুলনামূলকভাবে টাইগারদের প্রস্তুতিকে সেরাদের কাতারে ফেলতে চান না কোচ।

এদিকে প্রস্তুতিতে সেরাদের কাতারে না থাকলেও স্বপ্নটা সেরাদের মতো করেই দেখছেন। তার মতে, চ্যাম্পিয়ন হওয়ার জন্যই চ্যাম্পিয়নস ট্রফিতে খেলবে বাংলাদেশ।

গতকাল বাংলাদেশের প্রস্তুতির বিষয়ে ফিল সিমন্স বলেছেন, ‘আমি মানছি যে, অন্য দলগুলো যেভাবে ম্যাচ খেলে প্রস্তুতি নিচ্ছে, সেভাবে আমরা নিচ্ছি না। তাই এটি সেরা প্রস্তুতি নয়। তবে একটা জিনিস আমি বলব যে, তারা খেলার মধ্যে ছিল এবং সাদা বলের ক্রিকেটই খেলছিল। তাতে দক্ষতার দিক থেকে তারা তীক্ষ্ণই রয়েছে। আগামী ছয় থেকে সাত দিনে ক্রিকেটারদের মানসিকতা ৫০ ওভারের ক্রিকেটের দিকে আনতে হবে। তাদের দক্ষতা রয়েছে, পারফর্ম করতে দেখেছি আমরা। তাই এখন ৫০ ওভারের মানসিকতা আনাটাই মূল ব্যাপার।’

বৈশ্বিক এই টুর্নামেন্ট নিয়ে সিমন্সের অগাধ বিশ্বাস রয়েছে। ক্যারিবিয়ান এই কোচ বিশ্বাস করেন, বাংলাদেশ ট্রফি জেতার মতো যোগ্য দল। তার মতে, ‘যদি এটা বিশ্বাস না করতাম, তাহলে এখানে আমি থাকতাম না। যখনই কোনো টুর্নামেন্টে খেলতে হবে, সেরা সাফল্য বের করে আনতে হবে। আর যে দিনে ম্যাচ গড়াবে, ঐ দিনে সেরাটা দিয়ে লড়াই করতে হবে। আমি দলকে এটাই বোঝানোর চেষ্টা করছি। ক্যারিবিয়ান সফরে আমি ক্রিকেটারদের দেখেছি, তারা কতটা শক্তিশালী। সুতরাং আমরা ভালো খেলতে পারলে বেশ ভালো সম্ভাবনা রয়েছে চ্যাম্পিয়ন হওয়ার।’

অধিনায়ক নাজমুল হোসেন শান্তকে নিয়ে কিছুটা সংশয় রয়েছে। ফর্মহীনতার কারণে বিপিএলে তিনি নিয়মিত খেলতে পারেননি। তবে শান্তকে নিয়ে আত্মবিশ্বাসী কোচ সিমন্স। ‘আমি তার ব্যাপারে একটা জিনিস বলতে পারি, তিনি কঠোর পরিশ্রমী। মাঠে না খেললেও প্রতিনিয়ত পরিশ্রম করে গেছেন। তিনি তার নিজের কাজটা করেছেন। খেলাটা এখন ৫০ ওভারের। আর অধিনায়ক এই ফরম্যাটে খেলেননি এমন নয়। তবে তার শক্ত মানসিক অবস্থা অবশ্যই প্রয়োজন হবে, আর আমার মনে হয় সেটা তার রয়েছে।’

এদিকে শান্তর পাশাপাশি নাহিদ রানাকে নিয়েও কিছুটা শঙ্কা রয়েছে। বিপিএলের শেষ দিকে রংপুর রাইডার্সের হয়ে জ্বলে উঠতে দেখা যায়নি গতিদানবকে। রানাকে নিয়ে সিমন্স বলেছেন, ‘হ্যাঁ, বিপিএলের শেষ কয়েক ম্যাচে তাকে স্বাভাবিকের চেয়ে কিছুটা ধীরগতির মনে হয়েছে। এমনকি শেষ দিকে এসে রানআপও তার স্বাভাবিক সময়ের মতো ছিল না। তবে তিনি কিছুটা বিশ্রাম পেয়েছেন। বিশ্রামের পর তাকে আবারও আগের অবস্থায় মনে হয়েছে। গতি ফিরে আসছে এবং ক্যারিবিয়ানে যেমন ছিল, তেমনটাই দেখা যাচ্ছে।’

এ দিকে চ্যাম্পিয়নস ট্রফির খেলা ৫০ ওভারের হলেও জাতীয় দলের সবাই সম্প্রতি ২০ ওভারের বিপিএল শেষ করেছেন। দুটি ভিন্ন ফরম্যাট, খেলার ধরনও ভিন্ন। বিপিএলের প্রভাব ৫০ ওভারের ক্রিকেটে পড়লে অবস্থা বেগতিক হতে পারে। বিষয়টি নিয়ে বাংলাদেশের কোচ বলেছেন, ‘আমাদের দুই দিন অনুশীলন হয়েছে। এই দুই দিনে বিপিএল নিয়ে কোনো কথা হয়নি খেলোয়াড়দের সঙ্গে। তারা লম্বা সময় ধরে ব্যাট করা ও ঠিক জায়গায় বল করাতেই নজর দিচ্ছেন, সেটি ৫০ ওভারের ক্রিকেটের জন্য। আমার মনে হয় না বিপিএল কোনো প্রভাব ফেলবে। আর সামনের কয়েক দিন আমাদের অনুশীলনের সেশন দ্বিগুণ করে দেওয়া হয়েছে। যেখানে আমরা সকালে ব্যাটিং-বোলিং করব, পরে সন্ধ্যায় আলোর নিচেও সেটি চলবে। এভাবেই আমরা ৫০ ওভার ব্যাটিংয়ের জন্য নিজেদের প্রস্তুত করতে

পারি।’

চ্যাম্পিয়নস ট্রফি শেষে বিসিবির সঙ্গে ফিল সিমন্সের চুক্তির মেয়াদ শেষ হচ্ছে। এরপর মেয়াদ বাড়বে কি না, সেটি নিয়ে কথা বলতে রাজি হননি এই ক্যারিবিয়ান। সাকিব আল হাসানের বিষয়েও তিনি মুখ খোলেননি। বাংলাদেশের পোস্টারবয় হিসেবে খ্যাত সাকিব রয়েছেন দেশের বাইরে। বৈশ্বিক এই টুর্নামেন্টে তার খেলার কথা থাকলেও বোলিং অ্যাকশনে সমস্যা হওয়ায় দলে জায়গা হয়নি।

সূত্র: ইত্তেফাক

দর্শনা মাধ্যামিক বালিকা বিদ্যালয়ে বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতা

এসো দেশ বদলাই, পৃথিবী বদলাই শ্লোগানকে ধারণ করে দর্শনা মাধ্যামিক বালিকা বিদ্যালয়ের বার্ষিক ক্রীড়া ও সাংস্কৃতিক প্রতিযোগিতার পুরুস্কার বিতরণ করা হয়েছে।

সোমবার বিকাল ৩ টায় স্কুল চত্তরে বিদ্যালয়ের প্রধান শিক্ষক এ কে এম হুমায়ন কবির এর সভাপতিত্বে অনুষ্ঠিত পুরুস্কার বিতরণ অনুষ্ঠানে প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন, দামুড়হুদা উপজেলা নিবার্হী অফিসার মোছাঃ মমতাজ মহল।

তিনি তার বক্তব্য রাখতে গিয়ে বলেন, প্রতিটি স্কুলের ছেলে মেয়েদের মানুষিক শক্তি বৃদ্ধি ও শরীর মন দুটোই ভাল রাখতে খেলাধুলার বিকল্প নেই। লেখাপড়ার পাশপাশি মোবাইল নয় খেলাধুলা করে নিজেকে সুস্থ্য রাখতে জীবন সু সংগঠিত রাখতে সহায়ক হবে। তাই আমি ছেলে মেয়ে ও শিক্ষকদের বলবো লেখাপড়ার পাশপাশি বেশি বেশি খেলাধুলার চচার্ রাখতে হবে।

অনুষ্ঠানে বিশিষ অতিথি হিসাবে উপস্থিত ছিলেন, উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার বজলুর রশিদ, উপজেলা একাডিমিক শিক্ষা অফিসার

রাফেজুল ইসলাম, দর্শনা দক্ষিন চাঁদপুর মাধ্যামিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক লিয়াকত আলী, দর্শনা বালিকা বিদ্যালয়ের সমাজ বিজ্ঞানের শিক্ষক নাহারুল ইসলাম মাষ্টার, হাফিজুর রহমান প্রমুখ।

ম্যানেজার নেবে ব্র্যাক, আবেদনের সময় শেষের পথে

অ্যাঙ্কর ম্যানেজমেন্ট, সাপ্লাই চেইন ফাইন্যান্সিং বিভাগ সিনিয়র ম্যানেজার/ম্যানেজার পদে একাধিক জনবল নিয়োগ দেবে ব্র্যাক ব্যাংক পিএলসি। বেসরকারি ব্যাংকটিতে অনলাইনে আবেদন করা যাবে আগামী ১৫ ফেব্রুয়ারি পর্যন্ত।

পদের নাম: সিনিয়র ম্যানেজার/ম্যানেজার।

বিভাগ: অ্যাঙ্কর ম্যানেজমেন্ট, সাপ্লাই চেইন ফাইন্যান্সিং।

পদসংখ্যা: নির্ধারিত নয়

শিক্ষাগত যোগ্যতা: যেকোনো বিষয়ে স্নাতক ডিগ্রি থাকতে হবে।

অন্যান্য যোগ্যতা: করপোরেট রিলেশনশিপ ম্যানেজমেন্ট, সাপ্লাই চেইন ফাইন্যান্সিং এবং অ্যাসেট রিলেটেড ব্যাংকিং প্রোডাক্টের উপযুক্ত জ্ঞান। কম্পিউটারে (এমএস অফিস) দক্ষতা।

অভিজ্ঞতা: কমপক্ষে ৫ বছর।

চাকরির ধরন: ফুলটাইম।

কর্মক্ষেত্র: অফিসে।

প্রার্থীর ধরন: নারী-পুরুষ (উভয়)।

বয়সসীমা: উল্লেখ নেই।

কর্মস্থল: দেশের যেকোনো স্থানে।

বেতন: আলোচনা সাপেক্ষে।

অন্যান্য সুবিধা: নির্বাচিত প্রার্থীরা মাসিক বেতন ছাড়াও প্রতিষ্ঠানের নীতিমালা অনুযায়ী আরও বিভিন্ন সুযোগ-সুবিধা পাবেন।

আবেদন প্রক্রিয়া: আগ্রহী প্রার্থীরা আবেদন করতে ও বিস্তারিত বিজ্ঞপ্তিটি দেখুন এখানে।

আবেদনের শেষ সময়: ১৫ ফেব্রুয়ারি, ২০২৫।

সূত্র: যুগান্তর

ট্রফি উদযাপন ভেস্তে যাওয়ায় তামিমের দুঃখ প্রকাশ

বরিশালে বিপিএল জয়ের ট্রফি উদযাপন অনুষ্ঠান রীতিমতো বিশৃঙ্খলার কবলে পড়ে মাঝপথেই বন্ধ হয়ে গেছে। ফরচুন বরিশালের ক্রিকেটাররা মঞ্চে উঠলেও মাত্র ২-৩ মিনিটের মধ্যেই তাদের নেমে যেতে হয় নিরাপত্তাজনিত কারণে। হতাশ সমর্থকরা মঞ্চের চেয়ার-টেবিল ভাঙচুর করেন।

তবে বরিশালের মানুষের উচ্ছ্বাসে মুগ্ধ তামিম ইকবাল। নিজের ভেরিফায়েড ফেসবুক পেজে ভিডিও বার্তায় তামিম বলেন, ‘আমাদের অনেক পরিকল্পনা ছিল, সবার সঙ্গে সময় কাটানোর। কিন্তু নিরাপত্তাজনিত কারণেই আমরা বেশিক্ষণ থাকতে পারিনি।’

ট্রফি উদযাপন ভেস্তে যাওয়ায় তামিমের দুঃখ প্রকাশ
বরিশালে চেয়ার ছোড়াছুড়িতে পণ্ড বিপিএল ট্রফি উৎসব, আহত ৫০
তিনি আরও বলেন, ‘বাস যখন মাঠে ঢুকছিল, তখন মানুষ বাসের ওপর পর্যন্ত উঠে যাচ্ছিল। নিরাপত্তা বাহিনী আমাদের ফিরে যেতে বললেও আমরা সেটা করতে পারিনি। কারণ, আপনারা আমাদের জন্য এত কষ্ট করে উপস্থিত ছিলেন।’

বরিশালের সমর্থকদের এগিয়ে রেখে তামিম বলেন, ‘দেশ-বিদেশের অনেক

দলে খেলেছি, কিন্তু ফরচুন বরিশালের মতো ফ্যানবেজ কোথাও দেখিনি। আজকের দিনটা আমাদের দায়িত্ব আরও বাড়িয়ে দিল।’

উদযাপন অনুষ্ঠান পণ্ড হলেও বরিশালের মানুষের ভালোবাসা তামিম এবং তার দলের জন্য রয়ে গেছে বড় প্রাপ্তি।

সূত্র: কালবেলা

তামিমের নেতৃত্বে ক্রিকইনফোর বিপিএলের সেরা একাদশে যারা আছেন

ফরচুন বরিশালে শিরোপা জয়ের মধ্য দিয়ে শেষ হয়েছে বিপিএলের একাদশ আসর। সদ্যসমাপ্ত এই টি-টোয়েন্টি টুর্নামেন্টে ব্যাটে-বলে নজর কেড়েছেন দেশি-বিদেশি অনেক ক্রিকেটার। তাদের মধ্য থেকে সেরা ১১ জনকে বেছে নিয়েছে ক্রিকেট বিষয়ক ভারতীয় ওয়েবসাইট ইএসপিএনক্রিকইনফো।

ইএসপিএনক্রিকইনফোর একাদশে পাঁচ ব্যাটার, দুই অলরাউন্ডার ও এক স্পিনারের সঙ্গে রয়েছেন তিন পেসারও।

এই একাদশের অধিনায়ক তামিম। ওপেনিংয়ে তার সঙ্গে রায়েছেন খুলনা টাইগার্সের বাঁহাতি ব্যাটার নাঈম শেখ। ৫১১ রান করে এবারের বিপিএলের সেরা রান সংগ্রাহকও এই ওপেনার। আর তামিমও আছেন সেরা চার রান সংগ্রাহকেদের মধ্যে।

এই নিয়ে ষষ্ঠবারের মতো ক্রিকইনফোর বিপিএলের সেরা একাদশে জায়গা পেলেন তিনি।

তিনে রয়েছেন সিলেট স্ট্রাইকার্সের বাঁহাতি ব্যাটার জাকির হাসান। চিটাগাং কিংসের গ্রাহাম ক্লার্ককে রাখা হয়েছে চার নম্বরে। অলরাউন্ডার হিসেবে রংপুর রাইডার্সের খুশদিল শাহ আছেন পাঁচে।

সদ্যসমাপ্ত আসরে স্পিনারের মধ্যে তিনি ছিলেন সর্বোচ্চ উইকেটশিকারি। উইকেটরক্ষক হিসেবে ছয়ে রয়েছেন খুলনা টাইগার্সের মাহিদুল ইসলাম অঙ্কন।

সাতে থাকা বরিশালের পাকিস্তানি পেস বোলিং অলরাউন্ডার ফাহিম আশরাফ। চিটাগংয়ের রহস্য স্পিনার আলিস আল ইসলাম রয়েছেন আট নম্বরে।

৯ নম্বরে রাখা হয়েছে দুর্বার রাজশাহীর তারকা পেসার তাসকিন আহমেদকে।

এবারের বিপিএলের সর্বোচ্চ উইকেটশিকারি তিনি। চিটাগংয়ের ডানহাতি পেসার খালেদ আহমেদ আছেন দশে। ১১ নম্বরে থাকা রংপুরের বাঁহাতি পাকিস্তানি পেসার আকিফ জাভেদ।

ইএসপিএনক্রিকইনফো একাদশ তামিম ইকবাল (অধিনায়ক), মোহাম্মদ নাঈম, জাকির হাসান, গ্রাহাম ক্লার্ক, খুশদিল শাহ, মাহিদুল ইসলাম অঙ্কন (উইকেটরক্ষক), ফাহিম আশরাফ, আলিস আল ইসলাম, তাসকিন আহমেদ, খালেদ আহমেদ ও আকিফ জাভেদ।

সূত্র: কালের কন্ঠ

মেহেরপুরের আশরাফপুরে ক্রিকেট টুর্নামেন্টের ফাইনাল সম্পন্ন

মেহেরপুর সদর উপজেলার আমদহ ইউনিয়নের আশরাফপুরে মরহুম ফারুক হুসাইন চেয়ারম্যান স্মৃতি ক্রিকেট টুর্নামেন্ট ফাইনাল খেলা ও পুরস্কার বিতরণী অনুষ্ঠিত হয়েছে।

শনিবার (৮ ফেব্রুয়ারি) বিকেল তিনটার দিকে আশরাফপুর ক্রিকেট টিমের আয়োজনে আশরাফপুর জনকল্যাণ ক্লাব ফুটবল মাঠে এই ফাইনাল খেলা অনুষ্ঠিত হয়।

ফাইনাল খেলায় অংশ নেয় বুড়িপোতা ইউনিয়নের শালিকা টাইগার একাদশ ও কুতুবপুর ইউনিয়নের সুবিদপুর একাদশ।

এতে কুতুবপুর ইউনিয়নের সুবিদপুর একাদশ চ্যাম্পিয়ন এবং বুড়িপোতা ইউনিয়নের শালিকা টাইগার একাদশ রানার্সআপ হওয়ার গৌরব অর্জন করে। পুরস্কার বিতরণীর মধ্য দিয়ে টুর্নামেন্টের সমাপ্তি ঘটে।

আশরাফপুর ক্রিকেট টিমের অধিনায়ক ইমতিয়াজ হোসেনের সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মেহেরপুর সদর উপজেলা ছাত্রদলের আহ্বায়ক মোল্লা নাজমুল ইসলাম। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন আমদহ ইউনিয়নের স্বেচ্ছাসেবক দলের সাধারণ সম্পাদক মোঃ মেহেদী হাসান জনি, মোঃ বিপ্লব আহমেদ, মোঃ তুষার আহমেদ, মোঃ মিলন হালসনা প্রমুখ।

বিপিএলে রেকর্ড ১৩ কোটির টিকিট বিক্রি

রুদ্ধশ্বাস ফাইনালের মাধ্যমে শেষ হলো বাংলাদেশ প্রিমিয়ার লিগের (বিপিএল) একাদশ আসর। শুরুর দিকে টিকিট বিক্রি নিয়ে নানা অব্যবস্থাপনা থাকলেও শেষ পর্যন্ত রেকর্ড পরিমাণ আয় করেছে এবারের বিপিএল।

বাংলাদেশ ক্রিকেট বোর্ডের (বিসিবি) দেওয়া তথ্য অনুযায়ী, দ্বিতীয় কোয়ালিফায়ার পর্যন্ত টিকিট বিক্রি থেকে আয় ছাড়িয়ে যায় ১২ কোটি টাকা। তবে ফাইনাল ম্যাচের টিকিটের দাম বাড়লেও দর্শকদের আগ্রহ কমেনি, বরং তা আরও বেড়েছে। আয়োজকদের বিশ্বাস, ফাইনাল ম্যাচের টিকিট বিক্রি মিলিয়ে এই অঙ্ক ১৩ কোটি ছাড়িয়ে গেছে।

বিসিবির স্টেকহোল্ডারদের জন্য ফাইনালে ৬ হাজার টিকিট সংরক্ষিত ছিল, বাকি ১৬ হাজার টিকিট অনলাইন, ব্যাংক ও বুথের মাধ্যমে বিক্রি করা হয়। বিপিএলের গত চার আসরে টিকিট বিক্রি থেকে আয় ছিল গড়ে ৪ কোটি টাকার মতো। সে সময় টিকিট বিক্রির নিয়ন্ত্রণ বিসিবির হাতে না থাকায় আয় কম ছিল বলে জানিয়েছেন সংশ্লিষ্টরা।

এবার বিসিবি বিশেষ কমিটি গঠন করে টিকিট বিক্রির কার্যক্রম পরিচালনা করায় এমন সাফল্য এসেছে। ক্রীড়া পরিষদের নিয়ম অনুযায়ী,

টিকিট বিক্রি থেকে বোর্ড ১৫ শতাংশ রাজস্ব পাবে।

অনলাইন ও ব্যাংকিং সিস্টেমের মাধ্যমে টিকিট বিক্রির নতুন উদ্যোগ বিপিএলের ইতিহাসে নতুন মাত্রা যোগ করেছে, যা ভবিষ্যতে আয় আরও বাড়াতে সাহায্য করবে বলে মনে করছেন আয়োজকরা।

সূত্র: ইত্তেফাক

জিনিয়াস ল্যাবরেটরী স্কুল এন্ড কলেজের ক্রীড়া প্রতিযোগিতা

মেহেরপুরের জিনিয়াস ল্যাবরেটরী স্কুল এন্ড কলেজের বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়েছে। বৃহস্পতিবার(৬ ফেব্রুয়ারি) সকাল দশটার দিকে মেহেরপুর জেলা স্টেডিয়ামে এ বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতার আয়োজন করা হয়।

জিনিয়াস ল্যাবরেটরী স্কুল এন্ড কলেজ অধ্যক্ষ মোছাঃ রিতা পারভীনের এর সভাপতিত্বে অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন সদর উপজেলা নির্বাহী অফিসার মোঃ খায়রুল ইসলাম। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন সদর উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার মনিরুল ইসলাম।

অনুষ্ঠানে এ সময় উপস্থিত ছিলেন জিনিয়াস ল্যাবরেটরী স্কুল এন্ড কলেজ প্রতিষ্ঠাতা পরিচালক মোঃআল আমীন, জিনিয়াস ল্যাবরেটরী স্কুল এন্ড কলেজ উপাধ্যক্ষ মোঃ শামসুর রহমান, ম্যানেজিং কমিটি ও আল নূর ফাউন্ডেশনের সদস্য বৃন্দ।

এর আগে জাতীয় সংগীতের সাথে সাথে পতাকা উত্তোলন, জাতীয় পতাকার প্রতি সম্মান প্রদর্শন, অতিথিদের প্যারেড পরিদর্শন, শিক্ষার্থীদের কুচকাওয়াজ প্রদর্শন, শান্তির প্রতীক সাদা পায়রা ও বেলুন উড়িয়া অনুষ্ঠানের উদ্বোধন করা হয়।

পরে বিভিন্ন প্রতিযোগিতায় অংশগ্রহণকারী শিক্ষার্থীদের মাঝে পুরস্কার বিতরণ করা হয়।